দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 08 JUN 1989
পৃষ্ঠা ৬ কলাম ৮

030

# আজ চারটি বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

আজ দেশের চারটি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। এ বছর সারাদেশে ৫২০টি পরীক্ষা কেন্দ্রে মোট ৩ লাখ ২৩ হাজার ৬৩৯ জন ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছেন।

ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ৬৮ হাজার ৮৭০ জন ছাত্র ও ২৬ হাজার ১৬০ জন ছাত্রী পরীক্ষা দিচ্ছেন। পরীক্ষা নেয়া হবে ১৩৪টি কেন্দ্রে-এর মধ্যে তিনটি কেন্দ্র রয়েছে বিদেশে। রিয়াদ জেদ্দা ও কুয়েতে তিনটি কেন্দ্রে পরীক্ষা দিচ্ছেন ৮ জন ছাত্রছাত্রী।

কুমিল্লা শিক্ষা বোর্ডের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা শুরু হচ্ছে

(১ম পাতার পর)

অধীনে ১১৮টি কেন্দ্রে এইচএস-সি পরীক্ষা দিচ্ছেন মোট ৭৫ হাজার ১৭০ জন। এদের মধ্যে ছাত্রীর সংখ্যা ১৯ হাজার ১৩১।

রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ৬০ হাজার ৩৫২ জন ছাত্র ও ২৬ হাজার ৩৮২ জন ছাত্রী পরীক্ষা দিচ্ছেন। পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ১৪০।

যশোর শিক্ষা বোর্ডের ১২৮টি কেন্দ্রে পরীক্ষা দিচ্ছেন ৪৯ হাজার ২৬৮ জন ছাত্র ও ১৭ হাজার ৪৩৭ জন ছাত্রী।

### নকলের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি দাবদাদ্দোমান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী পরীক্ষায় নকলের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।

এক বিবৃতিতে তাঁরা বলেন যে, নকল প্রতিরোধের জন্য সর্বস্তরের ছাত্র শিক্ষক অভিভাবকদের সম্মিলিত প্রয়াস প্রয়োজন। বিশেষ করে শিক্ষক সমাজকে এব্যাপারে উদ্যোগী হতে বিবৃতিতে অনুরোধ করা হয়।